

# দৈনিক আমাদের সময়

## শাবিতে ভর্তি পরীক্ষার আবেদন ফি মানতে পারছি না

—ড. জাফর ইকবাল

শাবি প্রতিনিধি •

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক ও কথাসাহিত্যিক অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল বলেছেন, 'এসএমএস পদ্ধতিতে ভর্তির আবেদন শুরু হওয়ার পর খরচ অনেকাংশে কমে গেছে। তারপরও প্রতি ইউনিটে ভর্তির আবেদন ফি হিসেবে এক হাজার থেকে বারোশ টাকা নির্ধারণ করা হয়েছে, যা কোনোভাবেই আমি মানতে পারছি না। আসলে এটা ভর্তি কার্যক্রমের সঙ্গে জড়িত শিক্ষকদের উপার্জনের একটা মাধ্যম।' সোমবার দুপুর দেড়টায় বিশ্ববিদ্যালয়ের আইআইসিটি ভবনে চলমান আন্দোলন প্রসঙ্গে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন।

ড. জাফর ইকবাল বলেন, '১৯৯৪ সালে আমি যখন প্রথম এই বিশ্ববিদ্যালয়ে আসি তখন ভর্তি কমিটির সদস্য ছিল ৫ জন। কিন্তু বর্তমানে ভর্তি কমিটি ২৯ সদস্যবিশিষ্ট। এতে অনেকগুলো উপকমিটি করা হয়, যাদের কাজের চাইতে টাকা অনেক বেশি দিতে হয়।